দৈনিক বাংলা

তারিখ 16 DEC 1992
পৃষ্ঠা ৫ কলাম ৭

৫৭

# পরীক্ষার স্থগিত ফল প্রকাশ করা হোক

গত ১৫ সেপ্টেম্বর, ১৯৯১ সনের ডিগ্রী (পাস) পরীক্ষার ফলাফল প্রকাশিত হয় এবং আমি এ পরীক্ষায় তৃতীয় বিভাগে উত্তীর্ণ হই বলে পত্রিকায় দেখতে পাই। কিন্তু দুঃখের বিষয়, এক মাস পরে মার্কশীট তুলতে কলেজে গিয়ে জানতে পাই আমার ফলাফল স্থগিত রাখা হয়েছে। পরে ২৪ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের পক্ষ থেকে আমার কাছে কারণ দর্শানোর নোটিশ আসে। এই নোটিশের প্রেক্ষিতে ২৫ অক্টোবর আমি যথারীতি আমার জবাব প্রদান করি। কিন্তু আজ দেড় মাসের উপরে চলল বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে এখনো পর্যন্ত আমার জবাবের প্রত্যুত্তর বা তদন্তের ফলাফল জানতে পারলাম না। এভাবে সময় বয়ে চললে আমার এবং আমার মত আরো অনেকের শিক্ষার ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়বে তা কি কর্তৃপক্ষকে বুঝিয়ে বলার প্রয়োজন আছে? তাই এ ব্যাপারে সরকারের শিক্ষা মন্ত্রণালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় পরীক্ষা নিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করে বিনীত আবেদন জানাচ্ছি, অবিলম্বে উল্লিখিত বিষয়ে তদন্তের ফলাফল প্রকাশ করে এ সংক্রান্ত অনিশ্চয়তার অবসান করা হোক।

—মোঃ নাজির হোসেন
১৬/৫ বড় কাটারা, চকবাজার, ঢাকা।